



আনসার-ভিডিপি উন্নয়ন ব্যাংক
কেন্দ্রিয় হিসাব বিভাগ
প্রধান কার্যালয়, ঢাকা।

মান্ডার সার্কুলার/বার্ষিক হিসাব সমাপনী- ০১/২০২৩

তারিখঃ ১৯ জুন ২০২৩

বিষয়ঃ বার্ষিক হিসাব সমাপনী ২০২২-২০২৩।

সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ২০২২-২০২৩ অর্থবছরের বার্ষিক হিসাব সমাপনী দিবস ২৭ জুন ২০২৩। বার্ষিক হিসাব খোলার দিবস ০২ জুলাই ২০২৩ হবে। তবে বাংলাদেশ ব্যাংক কর্তৃক অন্য কোনরূপ নির্দেশনা প্রদান করা হলে যথাসময়ে তা সকলকে অবহিত করা হবে। CBS এর আওতাধীন শাখাসমূহ অত্র নির্দেশনা অনুসরণের পাশাপাশি আইসিটি বিভাগের সহায়ক নির্দেশনা পরিপালনের মাধ্যমে বার্ষিক হিসাব সমাপনী কাজ সম্পাদন করবে। এজন্য ২৭ জুন ২০২৩ তারিখ ভিত্তিক ব্যাংকের নির্ধারিত ফরমে সকল শাখাকে একটি করে “সমাপনী পূর্ব এবং সমাপনী উত্তর-বৈষয়িক বিবরণী” প্রস্তুত করতে হবে।

বার্ষিক হিসাব সমাপনের কাজ যথাযথ ও নির্ভুলভাবে সম্পাদনের সুবিধার্থে ব্যাংকের সকল বিভাগ/শাখা/আঞ্চলিক কার্যালয়/আঞ্চলিক নিরীক্ষা কার্যালয়কে নিম্নে বর্ণিত দিক-নির্দেশনা প্রদান করা হলোঃ

০২। নগদ তহবিল (৩০১০০০০০): শাখায় নগদ তহবিল সংরক্ষণের ক্ষেত্রে অত্র বিভাগের জারীকৃত ২৮ জুন ২০২১ তারিখের হিসাব পরিপত্র নং-০৫/২০২১ অনুসরণপূর্বক সীমিতরিক্ত নগদ তহবিল সংশ্লিষ্ট সার্ভিসিং ব্যাংকে জমা করতে হবে।

০৩। সার্ভিসিং ব্যাংকে পরিচালিত হিসাব (৩০২০০০০০): ০১ জুলাই ২০২২ হতে ৩০ জুন ২০২৩ তারিখ পর্যন্ত শাখার নামে সার্ভিসিং ব্যাংকে পরিচালিত এসএনডি হিসাবে প্রাপ্ত সুদ শাখার আয় খাতভুক্ত করতে হবে। এছাড়া সার্ভিসিং ব্যাংক কর্তৃক এসএনডি হিসাবে প্রদত্ত সুদের বিপরীতে কর্তনকৃত উৎসে করের ডেবিট এডভাইসযোগে ই-মেইলের মাধ্যমে ০২ জুলাই ২০২৩ তারিখের মধ্যে সংশ্লিষ্ট আঞ্চলিক কার্যালয়ে প্রেরণ করতে হবে। আঞ্চলিক কার্যালয় কর্তৃক অঞ্চলাধীন সকল শাখার উৎসে করের অর্থ ডেবিট এডভাইসযোগে ই-মেইলের মাধ্যমে ০২ জুলাই ২০২৩ তারিখের মধ্যে এ বিভাগে প্রেরণ করবে। এক্ষেত্রে হিসাব পদ্ধতি হবে নিম্নরূপঃ

(আঞ্চলিক কার্যালয় ব্যতীত সার্ভিসিং ব্যাংকের হিসাবসমূহ)

ডেবিট		অফিস কর্তৃক করণীয়	ক্রেডিট	
কোড নং	হিসাব খাতের নাম		কোড নং	হিসাব খাতের নাম
৩০২০০০০০	এসএনডি ব্যাংক হিসাবসমূহ	শাখা	২৯০১৫০১০	এসএনডি আমানতের সুদ
৯৯১০১০০০	ব্যাংক চার্জেস		৩০২০০০০০	এসএনডি ব্যাংক হিসাবসমূহ
৯৯১০১৩০০	আবগারী শুল্ক			
৩০৮০১০৬২	অগ্রিম উৎসে কর		৩০৮০১০৬২	অগ্রিম উৎসে কর
১১৬০৪০০০	আন্তঃশাখা লেনদেন			
১১৬০৩০০০	ডিউ টু হেড অফিস	১১৬০৪০০০		
		আঞ্চলিক কার্যালয়		

(ক) আঞ্চলিক কার্যালয়ের নামে সার্ভিসিং ব্যাংকে পরিচালিত এসএনডি হিসাবের প্রাপ্ত সুদ আঞ্চলিক কার্যালয় সংশ্লিষ্ট শাখাকে সার্ভিসিং ব্যাংকের ব্যালেন্স সার্টিফিকেটসহ (০১ জুলাই ২০২২ হতে ৩০ জুন ২০২৩ তারিখ পর্যন্ত) **ডেবিট ও ক্রেডিট এডভাইসযোগে** ই-মেইলের মাধ্যমে ০২ জুলাই ২০২৩ তারিখের মধ্যে এ বিভাগে প্রেরণ করবে। এক্ষেত্রে হিসাব পদ্ধতি হবে নিম্নরূপঃ

(আঞ্চলিক কার্যালয়ের সার্ভিসিং ব্যাংকের হিসাবসমূহ)

ক্ষেত্রসমূহ	ডেবিট		অফিস কর্তৃক করণীয়	ক্রেডিট	
	কোড নং	হিসাব খাতের নাম		কোড নং	হিসাব খাতের নাম
প্রাপ্ত সুদ	৩০২০০০০০	এসএনডি ব্যাংক হিসাবসমূহ	আঞ্চলিক কার্যালয়	১১৬০৩০০০	ডিউ টু হেড অফিস
অগ্রিম উৎসে কর	১১৬০৩০০০	ডিউ টু হেড অফিস		৩০২০০০০০	এসএনডি ব্যাংক হিসাবসমূহ
ব্যাংক চার্জেস ও আবগারী শুল্ক					



(খ) হিসাব সমাপনীর তারিখে শাখার এসএনডি হিসাবের স্থিতির সাথে সার্ভিসিং ব্যাংকে পরিচালিত এসএনডি হিসাবের স্থিতির সমন্বয় নিশ্চিত করতে হবে। কোনরূপ গড়মিল পরিলক্ষিত হলে তাৎক্ষণিকভাবে সংশ্লিষ্ট ব্যাংকের সাথে যোগাযোগ করে তা নিরসন করতে হবে। কোনো কারণবশতঃ যদি সার্ভিসিং ব্যাংকের স্থিতির সাথে শাখার এসএনডি হিসাবের স্থিতির মিল না থাকে তাহলে উক্ত কারণ উল্লেখপূর্বক ব্যাংক হিসাব সমন্বয় বিবরণী ১৩ জুলাই ২০২৩ তারিখের মধ্যে আঞ্চলিক কার্যালয়ের মাধ্যমে এ বিভাগে প্রেরণ করতে হবে। এছাড়া, উক্ত সমস্যা দ্রুত নিরসন করতে হবে।

০৪। ঋণ ও অগ্রিম (৩০৪০০০০০): আসন্ন বার্ষিক হিসাব সমাপনী সুষ্ঠুভাবে সম্পাদনের লক্ষ্যে ঋণ ও অগ্রিম বিভাগের ০৮ ডিসেম্বর ২০২০ তারিখের অপারেশন সার্কুলার নম্বর-১১/২০২০; ১৮ সেপ্টেম্বর ২০২২ তারিখের অপারেশন সার্কুলার নম্বর-০৯/২০২২ এবং অত্র বিভাগের ২০ জানুয়ারি ২০২২ তারিখের হিসাব পরিপত্র নং-০২/২০২২ এর সুদ হার অনুযায়ী ঋণের উপর সুদ ধার্য করতে হবে। এ ক্ষেত্রে হিসাব পদ্ধতি হবে নিম্নরূপঃ

ডেবিট	সকল ঋণের ক্ষেত্রে	ক্রেডিট
সংশ্লিষ্ট ঋণ হিসাবের উপখাতসমূহ-৩০৪১০১০০ হতে ৩০৪৩০৪০০		অশ্রেণীকৃত ঋণের উপর সুদ আয় উপখাতসমূহ- ২৯০১১০১০ হতে ২৯০১৩০২০
		শ্রেণীকৃত ঋণের উপর সুদ আয় উপখাতসমূহ-১১৯২০০০০

০৫। কর্মী অগ্রিম (৩০৫০০০০০): ব্যাংকের কর্মকর্তা-কর্মচারীদের গৃহ নির্মাণ, মটর সাইকেল ও কম্পিউটার অগ্রিমের আসল স্থিতির উপর দৈনিক ভিত্তিতে ০১ জানুয়ারি ২০২৩ হতে ৩০ জুন ২০২৩ তারিখ পর্যন্ত বার্ষিক ৪% হারে সরল সুদ ধার্য করতে হবে। মঞ্জুরীপত্রের শর্তানুযায়ী কিস্তি কর্তন নিশ্চিত করতে হবে। কর্মী অগ্রিমের হিসাব পদ্ধতি হবে নিম্নরূপঃ

ডেবিট		ক্রেডিট	
কোড নং	হিসাব খাতের নাম	কোড নং	হিসাব খাতের নাম
৩০৫৩০১০২	গৃহ নির্মাণ সুদ	২৯০১৪০১০	গৃহ নির্মাণ সুদ আয়
৩০৫৩০২০২	মটর সাইকেল সুদ	২৯০১৪০২০	মটর সাইকেল সুদ আয়
৩০৫৩০৫০২	কম্পিউটার সুদ	২৯০১৪০৫০	কম্পিউটার সুদ আয়

০৬। আদায়যোগ্য সুদ (৩০৬০০০০০): আদায়যোগ্য খাতের অনিষ্পন্ন এন্ট্রি ২৭ জুন ২০২৩ তারিখের মধ্যে সমন্বয় করতে হবে। কোনো যৌক্তিক কারণ ছাড়া দু'মাসের অধিক অনিষ্পন্ন এন্ট্রির জের পরবর্তী বছর টানা যাবে না।

০৭। স্থাবর ও অস্থাবর সম্পত্তি (৩০৭০০০০০): পূর্ববর্তী হিসাব সমাপনীর তারিখ পর্যন্ত ক্রয়কৃত স্থাবর ও অস্থাবর সম্পত্তির ক্রয় মূল্যের উপর ০১ জানুয়ারি ২০২৩ হতে ৩০ জুন ২০২৩ তারিখ পর্যন্ত এবং বর্তমান অর্থবছরে ক্রয়কৃত স্থাবর ও অস্থাবর সম্পত্তি ক্রয়ের তারিখ হতে অবশিষ্ট দিনের উপর সরল রৈখিক/হার পদ্ধতিতে নিম্নবর্ণিত হারে পূর্ণ টাকার অংকে অবচয় সঞ্চিত করতে হবে। নির্ধারিত হারে অবচয় নির্ণয়কালে সংশ্লিষ্ট সম্পদের সম্পূর্ণ মূল্য অবচয় সঞ্চিতের সমান হলে সেক্ষেত্রে অবশ্যই ০১/- (এক) টাকা অবশিষ্ট রাখতে হবে।

ক্রঃনং	সম্পত্তির নাম	অবচয়ের হার
১	দালান ও অন্যান্য অবকাঠামো	২.৫০%
২	যানবাহন	২০%
৩	আসবাবপত্র*	১০%
৪	অফিস সরঞ্জাম (কম্পিউটার সামগ্রী ব্যতীত)**	১৫%
৫	কম্পিউটার সামগ্রী***	২০%
৬	সফটওয়্যার ক্রয় ও ডাটাবেজ	২০%
৭	বৈদ্যুতিক সরঞ্জাম****	১০%
৮	অফিস পাঠাগার	১০%

এক্ষেত্রে হিসাব পদ্ধতি হবে নিম্নরূপঃ

ডেবিট		ক্রেডিট	
কোড নং	হিসাব খাতের নাম	কোড নং	হিসাব খাতের নাম
৯৯০৯০১০১	ভবন ও অন্যান্য অবকাঠামোর অবচয়	১১৩০৩০০১	ভবন ও অন্যান্য অবকাঠামো
৯৯০৯০১০২	যানবাহনের অবচয়	১১৩০৩০০২	যানবাহনের
৯৯০৯০১০৩	আসবাবপত্রের অবচয়	১১৩০৩০০৩	আসবাবপত্রের
৯৯০৯০১০৪	অফিস সরঞ্জামাদির অবচয়	১১৩০৩০০৪	অফিস সরঞ্জামাদির
৯৯০৯০১০৫	বৈদ্যুতিক সরঞ্জামাদির অবচয়	১১৩০৩০০৫	বৈদ্যুতিক সরঞ্জামাদির
৯৯০৯০১০৬	অফিস পাঠাগারের অবচয়	১১৩০৩০০৬	অফিস পাঠাগারের
৯৯০৯০১০৭	কম্পিউটার সামগ্রীর অবচয়	১১৩০৩০০৭	কম্পিউটার সামগ্রীর
৯৯০৯০১০৯	সফটওয়্যার ক্রয় এবং ডাটাবেজ	১১৩০৩০০৯	সফটওয়্যার ক্রয় এবং ডাটাবেজ



ক) আসবাবপত্রঃ টেবিল, চেয়ার, টুল, সোফাসেট, র‍্যাক, আলমারি (স্টীল ও কাঠ), আয়রন সেফ, স্টীল ট্রাঙ্ক, ফাইল কেবিনেট, নোটিশ বোর্ড, সাইন বোর্ড ইত্যাদি।

খ) অফিস সরঞ্জামঃ পিএবিএক্স বোর্ড, মেডিক্যাল ইকুইপমেন্টস, কার্পেট/ম্যাট, মাইক্রোফোন/স্পীকার, ব্যাটারী, অগ্নি নির্বাপক যন্ত্র, ফ্যাক্স মেশিন, ভোল্টেজ স্টেবলাইজার, সিসি টিভি, ক্যামেরা, মিডিয়া কনভার্টার, ইত্যাদি।

গ) কম্পিউটার সামগ্রীঃ কম্পিউটার, ইউপিএস, আইপিএস, মনিটর, প্রিন্টার, প্রজেক্টর, ইত্যাদি।

ঘ) বৈদ্যুতিক সরঞ্জামঃ সকল প্রকার ফ্যান, মাইক্রোওভেন, জেনারেটর, এসি, ইত্যাদি।

০৮(১)। বিবিধ অগ্রিম (৩০৮০১০০০ এর উপখাতসমূহ এবং ৩০৮০২০০০): বিবিধ অগ্রিম খাতের সকল অনিষ্পন্ন এন্ট্রি ২৭ জুন ২০২৩ তারিখের মধ্যে সমন্বয় করতে হবে। কোনো যৌক্তিক কারণ ছাড়া দু'মাসের অধিক অনিষ্পন্ন এন্ট্রির জের পরবর্তী বছর টানা যাবে না। ভ্রমণ, অফিস ভবন ভাড়া, ক্রয় ও অগ্রিম খরচসহ সকল অগ্রিম ২৭ জুন ২০২৩ তারিখে সমন্বয় করতে হবে এবং ০২ জুলাই ২০২৩ তারিখ হতে পুনরায় অগ্রিম প্রদান করা যাবে।

০৮(২)। মুদ্রিত মনিহারী দ্রব্যাদির মজুদ (৩০৮০৪০১০): ৩০ জুন ২০২৩ তারিখ পর্যন্ত প্রধান কার্যালয় হতে প্রাপ্ত মুদ্রিত মনিহারী দ্রব্যাদির মূল্য (যদি থাকে) ও তা ব্যবহারের খরচ হিসাবায়ন করতে হবে এবং ভাউচার প্রস্তুত করতে হবে। এক্ষেত্রে হিসাব পদ্ধতি হবে নিম্নরূপঃ

ডেবিট		ক্রেডিট	
কোড নং	হিসাব খাতের নাম	কোড নং	হিসাব খাতের নাম
৯৯০৯০১০১	মুদ্রিত মনিহারী	৩০৮০৪০১০	মুদ্রিত মনিহারী দ্রব্যাদির মজুদ

০৮(৩)। সাসপেন্স হিসাব (৩০৮০৫০০০):

(ক) এ খাতে সকল অনিষ্পন্ন এন্ট্রি ২৭ জুন ২০২৩ তারিখের মধ্যে সমন্বয় করতে হবে। কোনো যৌক্তিক কারণ ছাড়া দু'মাসের অধিক অনিষ্পন্ন এন্ট্রির জের পরবর্তী বছর টানা যাবে না। এরপরও আলোচ্য খাতে যৌক্তিক কারণে কোন এন্ট্রি সমন্বয় করা সম্ভব না হলে সংযুক্ত পরিশিষ্ট '১০' ছকে সাসপেন্স-বিবিধ এর প্রতিবেদন প্রস্তুত ও প্রেরণ করতে হবে।

(খ) বিশেষভাবে উল্লেখ্য যে, যৌক্তিক কারণে রক্ষিত এ খাতের অবশিষ্ট অর্থ সাবসিডিয়ারী লেজারে এন্ট্রির মূল তারিখ উল্লেখপূর্বক পরবর্তী অর্থবছরের প্রারম্ভিক তারিখে পোস্টিং দিতে হবে। কোনক্রমেই একত্রে সকল অর্থ সাবসিডিয়ারী লেজারে জের টানা যাবে না।

০৯। আমানতসমূহ (১১১০০০০০): আসন্ন বার্ষিক হিসাব সমাপনী সুষ্ঠুভাবে সম্পাদনের লক্ষ্যে শাখা নিয়ন্ত্রণ বিভাগের ০৭ অক্টোবর ২০২১ তারিখের অপারেশন সার্কুলার নম্বর-০৭/২০২১ এর সুদ হার অনুযায়ী ঋণের উপর সুদ ধার্য করতে হবে। অর্থ আইন ২০২২ এর মাধ্যমে প্রতিস্থাপিত আয়কর অধ্যাদেশ ১৯৮৪ এর ৫৩ এফ (৪) ধারায় প্রতিস্থাপিত বিধান অনুসারে নিম্নোক্ত হারে উৎসে কর কর্তন করে কোড ১১৯১৪০০২ খাতে সংরক্ষণ করতে হবে। ETIN, Proof of Submission Report(PSR) বা আয়কর রিটার্নের প্রাপ্তি স্বীকারপত্র/সনদ ও মোবাইল ফোন নম্বর লেজারের সংশ্লিষ্ট পাতায় লিপিবদ্ধ করে রাখতে হবে। উল্লেখ্য, শাখা কর্তৃক আমানতে প্রদত্ত সুদ হতে কর্তিত উৎসে কর সরকারি কোষাগারে জমা করার নিমিত্তে বর্ণনামত অত্র বিভাগে প্রেরণ করতে হবে।

ক্রঃনং	আমানতকারী	PSR জমা দিলে উৎসে করের হার	PSR জমা না দিলে উৎসে করের হার
১	আমানতকারী যদি কোম্পানি হয়	২০%	৩০%
২	আমানতকারী যদি কোম্পানি ব্যতীত ব্যক্তি বা প্রতিষ্ঠান হয়	১০%	১৫%
৩	আমানতকারী যদি সরকারি বিশ^বিদ্যালয়/এমপিওভুক্ত শিক্ষা প্রতিষ্ঠান যা সরকার ও গভর্নিং বডি কর্তৃক অনুমোদিত, চার্টার্ড একাউন্ট্যান্ট, কন্স্ট এন্ড ম্যানেজমেন্ট একাউন্ট্যান্ট ও চার্টার্ড সচিবালয় হয়	১০%	১৫%
৪	আমানতকারী যদি স্বীকৃত ভবিষ্যত তহবিল, অনুমোদিত গ্র্যাটুইটি তহবিল, পেনশন ও আনুতোষিক তহবিল ট্রাস্টি বোর্ড হয়	৫%	৭.৫০%



ক) চলতি আমানত (১১১০১০০০): চলতি বার্ষিক কখনও চলতি হিসাবের স্থিতি ১০০০/- টাকার কম হলে ব্যক্তি হিসাব হতে ৫০/- টাকা ও ব্যক্তি ব্যতিত অন্যান্য হিসাব হতে ১০০/- টাকা ইনসিডেন্টাল চার্জ হিসাবে কর্তন করে বিবিধ আয় খাতে হিসাবভুক্ত করতে হবে। এক্ষেত্রে হিসাব পদ্ধতি হবে নিম্নরূপঃ

ডেবিট		ক্রেডিট	
কোড নং	হিসাব খাতের নাম	কোড নং	হিসাব খাতের নাম
১১১০১০০০	চলতি আমানত	২৯০৪০৯০০	বিবিধ আয়

খ) সঞ্চয়ী আমানত (১১১০৩০০০) (৩.৫০%): প্রতি মাসের সর্বনিম্ন স্থিতির উপর মাসিক প্রোডাক্টের ভিত্তিতে নির্ধারিত নীতিমালা অনুসরণপূর্বক সুদ প্রদান করতে হবে। তবে সপ্তাহে ২ বারের অধিক উত্তোলনের ক্ষেত্রে অথবা একবারে স্থিতির ২৫% এর বেশি অথবা ২০,০০০/-টাকার অধিক উত্তোলনের জন্য ৭ দিন পূর্বে নোটিশ প্রদানের ব্যর্থতার ক্ষেত্রে উক্ত মাসে মোট স্থিতির উপর সুদ প্রদেয় হবে না।

গ) বণ্ণবন্ধু সঞ্চয়ী আমানত (১১১১৪০০০) (৫.০০%): এ আমানত সংক্রান্ত বিষয়ে অপারেশন সার্কুলার নং-০২/২০২০ তারিখ ১০.০২.২০২০ অনুসরণ করা যেতে পারে। সেই সাথে সঞ্চয়ী আমানতে সুদ প্রদানের নিয়ম পরিপালন করে ৫% হারে পূর্ণ টাকায় সুদ প্রদান করতে হবে।

ঘ) নারী আমানত (১১১১৩০০০) (৫.০০%): সঞ্চয়ী আমানতে সুদ প্রদানের নিয়ম পরিপালন করে ৫% হারে পূর্ণ টাকায় সুদ প্রদান করতে হবে।

ঙ) প্রবাস (প্রবাসী বাংলাদেশী সঞ্চয়) আমানত (১১১১২০০০) (৫.০০%): এ ক্ষেত্রে সঞ্চয়ী আমানতে সুদ প্রদানের নিয়ম পরিপালন করে ৫% হারে পূর্ণ টাকায় সুদ প্রদান করতে হবে।

চ) বিশেষ সঞ্চয়ী আমানত/ক্ষুদ্র সঞ্চয় কর্মসূচী (১১১০৮০০০) (৪.৫০%): এ ক্ষেত্রে সুদ ধার্যের নিয়ম অনুসরণপূর্বক প্রতি মাসের সর্বনিম্ন স্থিতির উপর মাসিক প্রোডাক্টের উপর ৪.৫০% হারে পূর্ণ টাকায় সুদ প্রদান করতে হবে।

ছ) গ্রুপ সঞ্চয়ী আমানত (১১১০২০০০) (৪.৫০%): এ ক্ষেত্রে গ্রুপ সঞ্চয়ী আমানতের সুদ প্রদানের নিয়ম পরিপালন করে নির্ধারিত হারে সুদ প্রদান করতে হবে। গ্রুপের স্থিতির উপর নির্ধারিত নিয়মে সুদ নির্ণয়ের পর নির্ণয়কৃত সুদ প্রত্যেক সদস্যকে পূর্ণ টাকার অংকে প্রাপ্যতার ভিত্তিতে বিভাজন করে দিতে হবে।

জ) আমানত দ্বিগুন বৃদ্ধি প্রকল্প (১১১০৯০০০) (৫.৯৫%): ৩০ জুন ২০২২ তারিখের স্থিতির ভিত্তিতে আমানত দ্বিগুন বৃদ্ধি প্রকল্প হিসাবের ব্যালেন্সিং করে সাবসিডিয়ারী লেজারের সংশ্লিষ্ট উপ-খাতের সাথে মিলাতে হবে। ৫.৯৫% হারে পূর্ণ টাকায় সুদ প্রদান করতে হবে।

ঝ) স্পেশাল ডিপোজিট পেনশন স্কীম (১১১০৭০০০) (৫ বছর-৬.৫০% ও ১০ বছর-৭.০০%): ৩০ জুন ২০২২ তারিখের স্থিতির উপর স্পেশাল ডিপোজিট পেনশন স্কীম (SDPS) হিসাবের ব্যালেন্সিং করে সাবসিডিয়ারী লেজারের সংশ্লিষ্ট উপ-খাতের সাথে মিলাতে হবে। প্রতি মাসের সর্বনিম্ন স্থিতির উপর মাসিক প্রোডাক্টের ভিত্তিতে নির্ধারিত হারে পূর্ণ টাকায় সুদ নির্ণয় করতে হবে।

ঞ) হজ্জ সহায়ক ডিপোজিট প্রকল্প (১১১১০০০০) (৫.০০%): ৩০ জুন ২০২২ তারিখের স্থিতির ভিত্তিতে এ আমানতের ব্যালেন্সিং করে সাবসিডিয়ারী লেজারের সংশ্লিষ্ট উপ-খাতের সাথে মিলাতে হবে। প্রতি মাসের সর্বনিম্ন স্থিতির উপর মাসিক প্রোডাক্টের উপর ৫% হারে পূর্ণ টাকায় মুনাফা প্রদান করতে হবে।

ট) লাখপতি ডিপোজিট স্কীম (১১১১১০০০) (৯.৬০%-১২.০০%): ৩০ জুন ২০২২ তারিখের স্থিতির ভিত্তিতে লাখপতি ডিপোজিট স্কীম হিসাবের ব্যালেন্সিং করে সাবসিডিয়ারী লেজারের সংশ্লিষ্ট উপ-খাতের সাথে মিলাতে হবে। প্রতি মাসের সর্বনিম্ন স্থিতির উপর বিধি মোতাবেক সুদ পূর্ণ টাকায় প্রদান করতে হবে। এক্ষেত্রে হিসাব পদ্ধতি হবে নিম্নরূপঃ

ডেবিট		ক্রেডিট
সংশ্লিষ্ট আমানত হিসাবের উপর প্রদত্ত সুদের উপখাতসমূহ-৯৯১১০১০১ হতে ৯৯১১০১১৩	সকল আমানতের ক্ষেত্রে (মেয়াদী ও চলতি আমানত ব্যতীত)	সংশ্লিষ্ট আমানত হিসাবের উপখাতসমূহ-১১১০১০০০ হতে ১১১১৪০০০
সংশ্লিষ্ট আমানত হিসাবের উপখাতসমূহ- ১১১০১০০০ হতে ১১১১৪০০০		উৎসে কর-১১১১৪০০২
উৎসে কর-১১১১৪০০২		আন্তঃশাখা লেনদেন হিসাব- ১১৬০৪০০০



(ঝ) মেয়াদী আমানত (১১১০৬০০০) (৫.৫০%, ৫.৭৫% ও ৬%) : শাখা নিয়ন্ত্রন বিভাগ হতে জারীকৃত অপারেশন সার্কুলার নং ০৭/২০২১ এ উল্লিখিত সুদ হারে মেয়াদী আমানত হিসাবে ৩০ জুন ২০২৩ তারিখ পর্যন্ত (সাময়িক) সুদ হিসাবভুক্ত করতে হবে। অর্থাৎ ৩০ জুন ২০২৩ তারিখ পর্যন্ত বিদ্যমান সকল মেয়াদী আমানত হিসাবের সুদের হার নির্ণয় করতে হবে এবং সংশ্লিষ্ট ব্যয় খাতকে ডেবিট করত: মেয়াদী আমানতের সুদের উপর প্রভিশন খাতকে ক্রেডিট করতে হবে। নির্ণীত (সাময়িক) সুদের উপর উৎসে কর প্রযোজ্য হবে না। পরবর্তীতে মেয়াদী আমানত হিসাবের মেয়াদপূর্তিতে সুদের হার যথানিয়মে প্রভিশন খাতের সহিত সমন্বয় করতে হবে। এক্ষেত্রে হিসাব পদ্ধতি হবে নিম্নরূপঃ

ডেবিট		ক্রেডিট	
কোড নং	হিসাব খাতের নাম	কোড নং	হিসাব খাতের নাম
৯৯১১০১০৫	মেয়াদী আমানতে প্রদত্ত সুদ	১১৯০৩০০৫	মেয়াদী আমানতের সুদের উপর প্রভিশন

সংশ্লিষ্ট হিসাবের মেয়াদপূর্তিতেঃ

ডেবিট		ক্রেডিট	
কোড নং	হিসাব খাতের নাম	কোড নং	হিসাব খাতের নাম
১১৯০৩০০৫	মেয়াদী আমানতের সুদের উপর প্রভিশন	১১১০৬০০০	মেয়াদী আমানত
১১১০৬০০০	মেয়াদী আমানত	১১৯১৪০০২	উৎসে কর
		১১৯১৪০০৪	আবগারি শুল্ক
১১৯১৪০০২	উৎসে কর		
১১৯১৪০০৪	আবগারি শুল্ক	১১৬০৪০০০	আন্তঃশাখা লেনদেন

১০। আবগারি শুল্কঃ জাতীয় রাজস্ব নীতিমালা মোতাবেক প্রত্যেক আমানত এবং ঋণ হিসাবের বিপরীতে প্রতি পঞ্জিকা বর্ষে অথবা তার অংশের জন্য একবার ধাপ অনুযায়ী আবগারি শুল্ক কর্তনের বিধান থাকায় প্রতিবছর ডিসেম্বর মাসে ও হিসাব বন্ধকালে আবগারি শুল্ক কর্তন করা হয়ে থাকে। তৎপ্রেক্ষিতে ০১ জানুয়ারি ২০২৩ হতে ৩০ জুন ২০২৩ পর্যন্ত বন্ধকৃত হিসাবের বিপরীতে যথারীতি কর্তিত আবগারি শুল্ক সরকারি কোষাগারে জমা করার নিমিত্তে এ কার্যালয়ের নির্দেশনামত প্রেরণ করতে হবে। উল্লেখ্য, এসআরও নং-১৬২-আইন/২০২২/১৭৫-আবগারি তারিখ ০১ জুন ২০২২ মোতাবেক ০১ জুলাই ২০২২ হতে নিম্নের তালিকা মোতাবেক পরিবর্তিত নীতিমালা ও পুনঃনির্ধারিত হারে নিম্নরূপ আবগারি শুল্ক কর্তনের নির্দেশনা রয়েছে।

ক্রঃনং	বছরের যে কোনো সময় হিসাবের ডেবিট/ক্রেডিট স্থিতির পরিমাণ	কর্তনের পরিমাণ (পূর্ণ টাকায়)
১	১,০০,০০০/-টাকা পর্যন্ত	শূন্য
২	১,০০,০০১/-টাকা থেকে ৫,০০,০০০/- টাকা পর্যন্ত	১৫০
৩	৫,০০,০০১/-টাকা থেকে ১০,০০,০০০/- টাকা পর্যন্ত	৫০০
৪	১০,০০,০০১/-টাকা থেকে ১,০০,০০,০০০/-টাকা পর্যন্ত	৩,০০০
৫	১,০০,০০,০০১/-টাকা থেকে ৫,০০,০০,০০০/-টাকা পর্যন্ত	১৫,০০০
৬	৫,০০,০০,০০১/-টাকা থেকে তদুর্ধ্ব	৫০,০০০

১১। ভবন ভাড়া সম্পর্কিত উৎসে কর ও ভ্যাটঃ এসআরও নং-১৪৯-আইন/২০২০/১১০-মুসক এর ৩(৬) অনুচ্ছেদ মোতাবেক ভবন ভাড়া ব্যয়ের উপর সংশ্লিষ্ট শাখা বা কার্যালয়কে ১৫% হারে ভ্যাট পরিশোধ করতে হবে যা সংশ্লিষ্ট শাখা/কার্যালয়ের ব্যয় হিসাবে গণ্য হবে। এক্ষেত্রে উৎসে কর্তিত কর (৫%) এবং আরোপিত ভ্যাট সরকারি কোষাগারে জমা প্রদানকল্পে বর্ণিত নির্দেশ মোতাবেক অত্র বিভাগে প্রেরণ করতে হবে।

১২। জুন, ২০২৩ মাসের বেতন ভাতাদি, বৈতনিক আয়কর, কর্তিত উৎসের কর, ভ্যাট এবং আবগারি শুল্ক জমাকরণঃ

(ক)। জুন, ২০২৩ মাসের বেতন প্রদানঃ ব্যাংকের সকল নিয়মিত কর্মকর্তাদের জুন, ২০২৩ মাসের বেতন-ভাতাদি ২০ জুন ২০২৩ তারিখে প্রদান করতে হবে এবং বেতন প্রদানের পর পরই (জানুয়ারি'২৩ হতে জুন'২৩ মাসের বকেয়া/অগ্রিম পরিশোধসহ) সাধারণ ভবিষ্য তহবিল, সুপারেনুয়েশন ও বদান্য তহবিলে জমাকৃত সমুদয় চাঁদার বিবরণীসহ পৃথক ৩টি ক্রেডিট এডভাইস সংশ্লিষ্ট আঞ্চলিক কার্যালয়ে প্রেরণ করতে হবে। আঞ্চলিক কার্যালয় কর্তৃক অঞ্চলাধীন সকল শাখার সাধারণ ভবিষ্য তহবিল, সুপারেনুয়েশন ও বদান্য তহবিলের ক্রেডিট এডভাইস এবং বিবরণীসহ পৃথক ই-মেইলযোগে প্রেরণ করতে হবে। এক্ষেত্রে হিসাব পদ্ধতি হবে নিম্নরূপঃ



ডেবিট		অফিস কর্তৃক করণীয়	ক্রেডিট	
কোড নং	হিসাব খাতের নাম		কোড নং	হিসাব খাতের নাম
১১৮০১০০০	সাধারণ ভবিষ্য তহবিল	শাখা অফিস	১১৬০৪০০০	আন্তঃশাখা লেনদেন
১১৮০২০০০	সুপারেনুয়েশন			
১১৮০৩০০০	বদান্য তহবিল			
১১৬০৪০০০	আন্তঃশাখা লেনদেন	আঞ্চলিক কার্যালয়	১১৬০৩০০০	ডিউ টু হেড অফিস

(খ)। বৈতনিক আয়কর, কর্তৃত উৎসের কর, ভ্যাট এবং আবগারি শুল্ক জমা করণঃ জানুয়ারি-২৩ হতে জুন-২৩ সময়কালে বেতন হতে কর্তনকৃত উৎসে আয়করের অর্থ, আয়কর, ভবন ভাড়া/পেশাগত ফিস/টেকনিক্যাল সেবা প্রদানকারীদের বিল হতে কর্তনকৃত উৎসে করের অর্থ, ভবন ভাড়া/চেক বই/সরবরাহকারী/পেশাগত ফিস/ টেকনিক্যাল সেবা প্রদানকারীদের বিল থেকে কর্তনকৃত ভ্যাটের অর্থ এবং ঋণ ও আমানত হিসাব হতে কর্তনকৃত আবগারি শুল্কের অর্থ একটি ক্রেডিট এডভাইস যোগে “পরিশিষ্ট-১২” মোতাবেক তালিকাসহ আঞ্চলিক কার্যালয় সংশ্লিষ্ট শাখায় প্রেরণ করবে। আঞ্চলিক কার্যালয় সংশ্লিষ্ট শাখা নিজ শাখাসহ অঞ্চলাধীন অন্যান্য শাখা হতে এ বাবদ প্রাপ্ত অর্থ একীভূত করতঃ শাখা ভিত্তিক বিবরণসহ ক্রেডিট এডভাইস প্রস্তুতপূর্বক “পরিশিষ্ট-১২” মোতাবেক তালিকাসহ অত্র বিভাগে প্রেরণের নিমিত্তে আঞ্চলিক কার্যালয়ে প্রেরণ করবে। আঞ্চলিক কার্যালয় সঠিকতা নিশ্চিত করে তালিকা সহ অত্র বিভাগে নির্ধারিত সময়ের মধ্যে প্রেরণ করবে। এক্ষেত্রে হিসাব পদ্ধতি হবে নিম্নরূপঃ

ডেবিট		অফিস কর্তৃক করণীয়	ক্রেডিট	
কোড নং	হিসাব খাতের নাম		কোড নং	হিসাব খাতের নাম
১১৯১৪০০১	কর্তনকৃত আয়কর	শাখা অফিস	১১৬০৪০০০	আন্তঃশাখা লেনদেন
১১৯১৪০০২	ভবন ভাড়া হতে কর্তিত উৎসে কর			
	সামগ্রী ক্রয়ের বিপরীতে উৎসে কর			
	প্রদত্ত সুদ হতে কর্তিত উৎসে কর			
১১৯১৪০০৩	ভবন ভাড়ার উপর ভ্যাট			
	সামগ্রী ক্রয়ের উপর ভ্যাট			
১১৯১৪০০৪	হিসাব হতে কর্তিত আবগারি শুল্ক			
১১৬০৪০০০	আন্তঃশাখা লেনদেন	আঞ্চলিক কার্যালয়	১১৬০৩০০০	ডিউ টু হেড অফিস

(গ)। পুনঃউল্লেখ্য যে, কর্মচারী ভবিষ্য তহবিলের জন্য নির্ধারিত ছকে বিবরণী প্রস্তুত করে এডভাইসের সাথে সংযুক্ত করতে হবে। তবে পেনশন ও আনুতোয়িক ফীম এবং কর্মচারী কল্যাণ তহবিলের জন্য কোন বিবরণী প্রেরণ করতে হবে না।

(ঘ)। “কাজ নাই মজুরি নাই” ভিত্তিক নিয়োগকৃত অস্থায়ী কর্মচারি/গার্ডদের জুন ২০২৩ মাসের মজুরী ২৭ জুন ২০২২ তারিখে পূর্ণ মাসের মজুরি প্রদান করবেন।

১৩। অন্যান্য দায় দেনা (কোড নং-১১৯০০০০০):

(ক)। শেয়ার বিক্রয় তহবিলের অর্থঃ

শেয়ার বিক্রয়ের অর্থ ২৭ জুন ২০২৩ তারিখে আঞ্চলিক কার্যালয় সংশ্লিষ্ট শাখা ব্যতিত অন্যান্য শাখা কার্যালয় সংশ্লিষ্ট শাখাকে যথাযথ খাত ভিত্তিক বিবরণসহ ক্রেডিট এডভাইসের মাধ্যমে প্রেরণ করবে, যাতে হিসাব সমাপনান্তে শাখায় এ সকল খাতে কোন স্থিতি না থাকে। আঞ্চলিক কার্যালয় সংশ্লিষ্ট শাখা উক্ত শাখার অর্থ এবং খাত ভিত্তিক বিবরণসহ সহ একটি ক্রেডিট এডভাইসযোগে নির্দেশিত তারিখে অত্র বিভাগে প্রেরণের লক্ষ্যে আঞ্চলিক কার্যালয়ে প্রেরণ করবে। এডভাইসের সাথে শাখা ভিত্তিক টাকার অংকের বিবরণী সংযুক্ত করতে হবে। এক্ষেত্রে হিসাব পদ্ধতি হবে নিম্নরূপঃ

ডেবিট		অফিস কর্তৃক করণীয়	ক্রেডিট	
কোড নং	হিসাব খাতের নাম		কোড নং	হিসাব খাতের নাম
১১৯১৬০০১	বেতনভুক্ত কর্মকর্তা/কর্মচারীদের শেয়ার	শাখা অফিস	১১৬০৪০০০	আন্তঃশাখা লেনদেন
১১৯১৬০০২	ব্যাংকের কর্মকর্তা ও কর্মচারীদের শেয়ার			
১১৯১৬০০৩	অবেতনভুক্ত আনসার ও ভিডিপিদের শেয়ার			
১১৬০৪০০০	আন্তঃশাখা লেনদেন	আঞ্চলিক কার্যালয়	১১৬০৩০০০	ডিউ টু হেড অফিস



(খ) ঋণ বীমা তহবিলের অর্থঃ

ঋণ বীমা তহবিলের অর্থ ২৭ জুন ২০২৩ তারিখে আঞ্চলিক কার্যালয় সংশ্লিষ্ট শাখা ব্যতিত অন্যান্য শাখা কার্যালয় সংশ্লিষ্ট শাখাকে যথাযথ খাত ভিত্তিক বিবরণসহ ক্রেডিট এডভাইসের মাধ্যমে প্রেরণ করবে, যাতে হিসাব সমাপনীতে শাখায় এ সকল খাতে কোন স্থিতি না থাকে। আঞ্চলিক কার্যালয় সংশ্লিষ্ট শাখা উক্ত শাখার অর্থ এবং খাত ভিত্তিক বিবরণসহ সহ একটি ক্রেডিট এডভাইসযোগে নির্দেশিত তারিখে অত্র বিভাগে প্রেরণের লক্ষ্যে আঞ্চলিক কার্যালয়ে প্রেরণ করবে। এডভাইসের সাথে শাখা ভিত্তিক টাকার অংকের বিবরণী সংযুক্ত করতে হবে। এক্ষেত্রে হিসাব পদ্ধতি হবে নিম্নরূপঃ

ডেবিট		অফিস কর্তৃক করণীয়	ক্রেডিট	
কোড নং	হিসাব খাতের নাম		কোড নং	হিসাব খাতের নাম
১১৯১৭০০০	ঋণ বীমা তহবিল	শাখা অফিস	১১৬০৪০০০	আন্তঃশাখা লেনদেন
১১৯২২০০০	ঋণ বীমা এবাএখা			
১১৯২৬০০০	ঋণ বীমা এসএমই			
১১৬০৪০০০	আন্তঃশাখা লেনদেন	আঞ্চলিক কার্যালয়	১১৬০৩০০০	ডিউ টু হেড অফিস

(গ)। প্রদেয় হিসাব (বিবিধ হিসাব, ১১৯৯৯০০০): ২০২২-২৩ অর্থবছরের সকল প্রকার বকেয়া বিল যেমন-অফিস ভবন ভাড়া, বিদ্যুৎ বিল, গ্যাস বিল, পানি বিল, টেলিফোন বিল, জ্বালানি বিল ইত্যাদি সংশ্লিষ্ট অর্থবছরেই নিষ্পন্নের পদক্ষেপ গ্রহণ করতে হবে এবং যৌক্তিক কারণ ছাড়া যাতে সমাপনী অন্তে উক্ত খাতে জের না থাকে সে ব্যাপারে সতর্ক হতে হবে। যৌক্তিক কারণে সমন্বয় করা সম্ভব না হলে সংযুক্ত 'পরিশিষ্ট- ১৪' হকে Excel শীটে প্রদানযোগ্য হিসাবের স্থিতি প্রতিবেদন প্রস্তুত করতে হবে।

১৪। আন্তঃশাখা লেনদেন (১১৬০০০০০):

(ক)। সকল আন্তঃশাখা হিসাবসমূহের উপর ধার্যকৃত সুদ এভিইউবি সাধারণ এর মাধ্যমে পরিচালিত হবে। এতদউদ্দেশ্যে জেনারেল লেজার হতে ১১৬০০০০০ এভিইউবি সাধারণ হিসাব এর তারিখ ভিত্তিক স্থিতির তথ্য হিসাব পরিপত্র নং- ০১/২০১৫ তারিখ ০৪ জুন ২০১৫ এর সাথে সংযুক্ত পরিশিষ্ট '১৫' হকে সন্নিবেশ করত দৈনিক প্রোডাক্টের ভিত্তিতে নিম্নোক্ত হারে সুদ নির্ণয় করতে হবে। প্রধান কার্যালয় হতে ধার নেয়া এবং ধার দেয়া তহবিলের উপর ৪% হারে সুদ ধার্য করতে হবে।

(খ)। ১১৬০৩০০০ ও ১১৬০৪০০০ এর সুদ হিসাবায়ন শাখা কর্তৃক সঠিক ও নির্ভুলভাবে করতে হবে। এক্ষেত্রে CBS শাখাসমূহ অবশ্যই CBS>Report Menu>Interest Provision>Head Office Account Interest Calculation থেকে ১১৬০৩০০০ ও ১১৬০৪০০০ সুদের হিসাবায়ন করতে হবে। অন্যান্য শাখা নিয়মানুযায়ী সুদ হিসাবায়ন করবেন। উল্লেখ্য, সিবিএস প্রক্রিয়ায় পরিচালিত শাখাসমূহের ক্ষেত্রে এভিইউবির ম্যানুয়ালি সুদ হিসাবায়ন কোনো অবস্থাতেই গ্রহণযোগ্য হবে না।

(গ)। প্রধান কার্যালয় হতে ধার নেয়া তহবিলের ক্ষেত্রে হিসাব পদ্ধতি হবে নিম্নরূপঃ

ডেবিট		অফিস কর্তৃক করণীয়	ক্রেডিট	
কোড নং	হিসাব খাতের নাম		কোড নং	হিসাব খাতের নাম
৯৯১২০০০০	এভিইউবি সাধারণ সুদ	শাখা অফিস	১১৬০৪০০০	আন্তঃশাখা লেনদেন
১১৬০৪০০০	আন্তঃশাখা লেনদেন		আঞ্চলিক কার্যালয়	১১৬০৩০০০

(ঘ)। প্রধান কার্যালয়কে ধার দেয়া তহবিলের ক্ষেত্রে হিসাব পদ্ধতি হবে নিম্নরূপঃ

ডেবিট		অফিস কর্তৃক করণীয়	ক্রেডিট	
কোড নং	হিসাব খাতের নাম		কোড নং	হিসাব খাতের নাম
১১৬০৪০০০	আন্তঃশাখা লেনদেন	শাখা অফিস	২৯০৪০৬০০	এভিইউবি সাধারণ সুদ
১১৬০৩০০০	ডিউ টু হেড অফিস		আঞ্চলিক কার্যালয়	১১৬০৪০০০

(ঙ)। হিসাব পরিপত্র নম্বর-০৫/২০১৯ তারিখ ০৪ নভেম্বর ২০১৯ মোতাবেক আঞ্চলিক কার্যালয়ের নামে সার্ভিসিং ব্যাংকে সংরক্ষিত হিসাবের স্থিতির সমপরিমাণ এভিইউবি সাধারণ হিসাবে স্থিতির উপর সুদ ধার্য হবে না বিধায় আঞ্চলিক কার্যালয় সংশ্লিষ্ট শাখা উক্ত স্থিতির বিপরীতে ধার্যতব্য সুদ বাদ দিয়ে মোট সুদ ধার্য করবে।

(চ)। এভিইউবি সাধারণ হিসাবে প্রাপ্ত/প্রদত্ত সুদের এডভাইসের সাথে শাখা ভিত্তিক সুদ ব্যয়/সুদ আয়ের তথ্য সংযুক্ত করতে হবে। সমাপনী পূর্ব-বৈষয়িক বিবরণীতে শাখাসমূহের ৯৯১২০০০০, ২৯০৪০৬০০ কোডের টাকার সমষ্টির সাথে ইস্যুকৃত এডভাইসের মিল থাকতে হবে। আঞ্চলিক কার্যালয় সঠিক পরীক্ষান্তে নির্ধারিত তারিখের মধ্যে প্রধান কার্যালয়ে প্রেরণ করবে।

৪২



(ছ)। আঞ্চলিক ব্যবস্থাপকগণ তার অঞ্চালাধীন শাখাসমূহের ১১৬০৩০০০ ও ১১৬০৪০০০ কোডের শাখা কর্তৃক সুদ হিসাবায়নের সঠিকতা প্রত্যয়ন করবেন। এক্ষেত্রে আঞ্চলিক ব্যবস্থাপকগণ জিএল কোড ১১৬০০০০০ এর স্থিতি সরেজমিনে/শাখা হতে জিএল রেজিস্ট্রারের ফটোকপি আনয়নপূর্বক সুদ হিসাবায়নের সঠিকতা যাচাই করে যাচাইকৃত সুদের ডুপ্লিকেট কপিসহ ২০ জুলাই ২০২৩ তারিখের মধ্যে এ বিভাগে প্রত্যয়ন পত্র প্রেরণ করবেন।

(জ) উল্লিখিত খাতসমূহের বিপরীতে সুদ হিসাবায়ন সঠিকভাবে সম্পন্ন করতে হবে। কোনো শাখা কম/বেশি সুদ প্রদান করলে এবং পরবর্তীতে যাচাইকালে শনাক্ত হলে সংশ্লিষ্ট আঞ্চলিক ব্যবস্থাপক, আঞ্চলিক নিরীক্ষা কার্যালয়ের কর্মকর্তাগণ, শাখা ব্যবস্থাপক ও ২য় কর্মকর্তাকে দায়ী করে প্রশাসনিক ব্যবস্থা গ্রহণ করা হবে।

(ঞ)। উল্লেখ্য, নতুন শাখাকে (কার্যক্রম শুরুর ০২ বছর পর্যন্ত) আন্তঃশাখা লেনদেন (কোড নং ১১৬০০০০০) হিসাব খাতের ক্রেডিট স্থিতির জন্য সুদ নির্ণয়/ধারণ্য করতে হবে না। তবে ডেবিট স্থিতি থাকলে শাখার আয় হিসাবে সুদ প্রাপ্য হবে। এতদসংক্রান্ত প্রোডাক্টশীট ডাউচারের সাথে সংযুক্ত করে রাখতে হবে।

১৫। ব্যয় হিসাব (৯৯০০০০০০): সঠিকভাবে ব্যয়ের হিসাবায়ন করার জন্য বর্তমান অর্থ বছরে প্রদেয় সকল প্রকার ব্যয় হিসাব সমাপনী তারিখের মধ্যে প্রদানের পদক্ষেপ গ্রহণ করতে হবে। হিসাব সমাপনী তারিখের মধ্যে প্রদেয়/পরিশোধযোগ্য কোন ব্যয়/বিল যৌক্তিক কারণে প্রদান/পরিশোধ করা সম্ভব না হলে সংশ্লিষ্ট ব্যয়ের কোড ডেবিট করে খরচের প্রভিশন করতে হবে যাতে লাভ-লোকসান নির্ণয়ের ক্ষেত্রে প্রকৃত তথ্যের প্রতিফলন ঘটে। পরবর্তীতে প্রভিশনকৃত অর্থ হতে সংশ্লিষ্ট ব্যয় নির্বাহ করতে হবে।

১৬। প্রধান কার্যালয় কর্তৃক বহনযোগ্য ব্যয় সংক্রান্ত :

(ক)। শিক্ষানবিশ কর্মকর্তা/কর্মচারী (চাকরি শুরুর ১ বছর পর্যন্ত), সাময়িক বরখাস্তকৃত কর্মচারী/কর্মকর্তাদের বেতন-ভাতা, নতুন শাখার (খোলার ০২ বছর পর্যন্ত) যাবতীয় ব্যয়, আঞ্চলিক কার্যালয় ও আঞ্চলিক নিরীক্ষা কার্যালয়ের যাবতীয় ব্যয়, পিআরএল ভোগরত কর্মকর্তা/কর্মচারীদের বেতনভাতা, পেনশনারদের সকল ব্যয় প্রধান কার্যালয়ের ব্যয় বিবেচনা করতে হবে।

(খ)। প্রধান কার্যালয় কর্তৃক বহনযোগ্য ব্যয়ের ক্ষেত্রে হিসাব পদ্ধতি হবে নিম্নরূপঃ

ডেবিট		অফিস কর্তৃক করণীয়	ক্রেডিট	
কোড নং	হিসাব খাতের নাম	শাখা অফিস	কোড নং	হিসাব খাতের নাম
১১৬০৪০০০	আন্তঃশাখা লেনদেন			৯৯০০০০০০
১১৬০৩০০০	ডিউ টু হেড অফিস	আঞ্চলিক কার্যালয়	১১৬০৪০০০	আন্তঃশাখা লেনদেন

আঞ্চলিক কার্যালয় সঠিক পরীক্ষান্তে নির্ধারিত সময়ে প্রধান কার্যালয়ে প্রেরণ করবে। এডভাইসের সাথে শাখা/আঞ্চলিক কার্যালয়/আঞ্চলিক নিরীক্ষা কার্যালয় ভিত্তিক এবং খাত/উপ-খাত ভিত্তিক পরিশিষ্ট নং '১৬' মোতাবেক একটি বিবরণী সংযুক্ত করতে হবে।

(গ)। সকল শাখাসমূহ কর্তৃক মেয়াদী আমানতে এবং স্পেশাল ডিপোজিট পেনশন স্কীমে প্রদত্ত সুদ বাবদ ২০২২-২৩ অর্থবছরের ব্যয়িত অর্থের ৪০% প্রধান কার্যালয় বহন করবে। এক্ষেত্রে হিসাব পদ্ধতি হবে নিম্নরূপঃ

ডেবিট		অফিস কর্তৃক করণীয়	ক্রেডিট	
কোড নং	হিসাব খাতের নাম	শাখা অফিস	কোড নং	হিসাব খাতের নাম
১১৬০৪০০০	আন্তঃশাখা লেনদেন			৯৯১১০১০৫
			৯৯১১০১০৬	স্পেশাল ডিপোজিট পেনশন স্কীমে প্রদত্ত সুদ
১১৬০৩০০০	ডিউ টু হেড অফিস	আঞ্চলিক কার্যালয়	১১৬০৪০০০	আন্তঃশাখা লেনদেন

(ঘ)। বার্ষিক হিসাব সমাপনান্তে কোন অবস্থাতেই শাখায় প্রধান কার্যালয় কর্তৃক বহনযোগ্য খাতে ব্যয়ের কোন স্থিতি থাকবে না।

১৭। আয় হিসাব (কোড নং ২৯০০০০০০): প্রতি বছর বাংলাদেশ ব্যাংক পরিদর্শন দল কর্তৃক পরিদর্শন প্রতিবেদনে ৩০ জুন ভিত্তিক শাখাসমূহের সুদ আয় হিসাবায়নের ক্ষেত্রে চাতুরিবিন্যাসের অভিযোগ উত্থানপূর্বক Quick Summary Report দাখিল করে। এক্ষেত্রে তাৎক্ষণিকভাবে ব্যাংকের দাখিলকৃত আয়খাত সংশোধনপূর্বক লাভ-ক্ষতি পুনঃনির্ধারণ করতে হয়। এধরনের সংশোধন ব্যাংকের ভাবমূর্তির জন্য নেতিবাচক। তাই শাখাসমূহের সুদ আয় হিসাবায়নের ক্ষেত্রে ঋণ ও অগ্রিম বিভাগ এবং ঋণ আদায় বিভাগের সময়ে সময়ে জারীকৃত নির্দেশনা যথাযথভাবে পরিপালন নিশ্চিত করতে হবে। এক্ষেত্রে, যেকোনো নিরীক্ষা দল কর্তৃক ভবিষ্যতে আপত্তি উত্থাপিত হলে সংশ্লিষ্ট কর্মকর্তাগণকে জবাবদিহিতার আওতায় এনে প্রশাসনিক ব্যবস্থা গ্রহণ করা হবে।

১৮। সমাপনী পূর্ব লেনদেন (লাভ-ক্ষতি নিরূপণ): বৈষয়িক বিবরণী সমাপনী পূর্ব প্রস্তুতের পর নিয়োক্ত হিসাব পদ্ধতি অনুসরণপূর্বক জেনারেল লেজারে রক্ষিত আয় ও ব্যয় এর খাত শূন্য করে লাভ-ক্ষতি নিরূপণ করতে হবে।



(ক)। মুনাফা অর্জনের শাখাসমূহের ক্ষেত্রে হিসাব পদ্ধতি হবে নিম্নরূপঃ

ডেবিট		অফিস কর্তৃক করণীয়	ক্রেডিট	
কোড নং	হিসাব খাতের নাম		কোড নং	হিসাব খাতের নাম
২৯০০০০০০	আয় উপখাতসমূহ	শাখা অফিস	১১৪০০০১০	লাভ-ক্ষতি হিসাব
১১৪০০০১০	লাভ-ক্ষতি হিসাব		৯৯০০০০০০	ব্যয় উপখাতসমূহ
১১৪০০০১০	লাভ-ক্ষতি হিসাব		১১৬০৪০০০	আন্তঃশাখা লেনদেন
১১৬০৪০০০	আন্তঃশাখা লেনদেন	আঞ্চলিক কার্যালয়	১১৬০৩০০০	ডিউ টু হেড অফিস

(খ)। লোকসানী শাখাসমূহের ক্ষেত্রে হিসাব পদ্ধতি হবে নিম্নরূপঃ

ডেবিট		অফিস কর্তৃক করণীয়	ক্রেডিট	
কোড নং	হিসাব খাতের নাম		কোড নং	হিসাব খাতের নাম
২৯০০০০০০	আয় উপখাতসমূহ	শাখা অফিস	১১৪০০০১০	লাভ-ক্ষতি হিসাব
১১৪০০০১০	লাভ-ক্ষতি হিসাব		৯৯০০০০০০	ব্যয় উপখাতসমূহ
১১৬০৪০০০	আন্তঃশাখা লেনদেন		১১৪০০০১০	লাভ-ক্ষতি হিসাব
১১৬০৩০০০	ডিউ টু হেড অফিস	আঞ্চলিক কার্যালয়	১১৬০৪০০০	আন্তঃশাখা লেনদেন

(গ)। মুনাফার জন্য একটি এডভাইস এবং লোকসানের জন্য আরেকটি পৃথক এডভাইস প্রেরণ করতে হবে। অঞ্চলাধীন শাখাসমূহের মুনাফা এবং লোকসান নেট করে একটি এডভাইস প্রেরণ করা যাবে না।

(ঘ)। শাখার লাভ-ক্ষতি সাধারণ হিসাব নিরূপণের পর বৈষয়িক বিবরণী সমাপনী উত্তর প্রস্তুত করতে হবে। বৈষয়িক বিবরণী সমাপনী উত্তরে আয় ও ব্যয় খাতের অংক থাকবে না। উপরোক্ত নির্দেশনার আলোকে স্থানান্তর ভাউচার প্রস্তুত করে সমাপনী উত্তর হিসাব সম্পন্ন তথা ক্লিন ক্যাশ বহি, সাবসিডিয়ারী লেজার, সাধারণ খতিয়ান ও সাধারণ খতিয়ান এবসট্রাক্ট লিপিবদ্ধ করতে সমাপনী উত্তর অ্যাফেয়ার্স প্রস্তুত করতে হবে এবং নির্দেশিত সময়ে আঞ্চলিক কার্যালয়ে Soft Copy প্রেরণ করতে হবে।

১৯। বার্ষিক হিসাব সমাপনকালে পালনীয়ঃ

- বার্ষিক হিসাব সমাপনী বিবরণী-তে পূর্ণ টাকা উল্লেখ করতে হবে;
- বৈষয়িক বিবরণীতে উল্লেখিত হিসাব খাতের স্থিতি সাধারণ খতিয়ানের সংশ্লিষ্ট হিসাব খাতের স্থিতির সাথে এবং সহায়ক খতিয়ানের সংশ্লিষ্ট উপ-খাত সমূহের সমষ্টি অবশ্যই সমপরিমান হতে হবে; মিলকরণ নিশ্চিত হওয়া ব্যতীত কোনো অবস্থাতেই প্রতিবেদন করা যাবে না।
- বৈষয়িক বিবরণী, সাধারণ খতিয়ান, সহায়ক খতিয়ান সুন্দর হস্তাক্ষরে লিপিবদ্ধ করতে হবে। সর্বপ্রকার কাটাকাটি/ঘষামাজা পরিহার করতে হবে এবং কোন অবস্থাতেই ওভাররাইটিং ও ফ্লয়িড ব্যবহার করা যাবে না।

২০। ২০২৩-২৪ অর্থবছরের ওপেনিং এন্ট্রিঃ

(ক)। ৩০ জুন ২০২৩ তারিখের ভিত্তিতে হিসাব সমাপণীর পর পরবর্তী অর্থবছরের হিসাব ০২ জুলাই ২০২৩ তারিখ থেকে শুরু করতে হবে। অতএব, পরবর্তী বছরের ০২ জুলাই ২০২৩ তারিখে স্ব স্ব সম্পত্তি ও দায় খাতে স্থানান্তর ভাউচারের মাধ্যমে একটি ওপেনিং এন্ট্রি দিয়ে নিম্নরূপ হিসাব সম্পন্ন করতে হবেঃ

ডেবিট	অফিস কর্তৃক করণীয়	ক্রেডিট
সম্পত্তিসমূহ যেমন: ব্যাংক জমা/ঋণ ও অগ্রিম/স্বাবর ও অস্বাবর এবং অন্যান্য সম্পত্তি)।	শাখা অফিস	সকল প্রকার দায় (যেমন: আমানত হিসাব/এভিইউবি সাধারণ হিসাব লেনদেন ও অন্যান্য দায়)।

(খ)। উপরোক্ত এন্ট্রি ক্লিন ক্যাশ বহির মাধ্যমে জেনারেল লেজারে পোস্টিং দিতে হবে। উল্লেখ্য, ২০২২-২০২৩ অর্থবছর শেষে সকল দায় ও সম্পত্তির নীট ব্যালেন্স দ্বারা ০২ জুলাই ২০২৩ তারিখে পরবর্তী ২০২৩-২০২৪ অর্থবছরের লেনদেনের প্রারম্ভিক জের দেখাতে হবে।

(গ)। সাপ্লিমেন্টারী/সহায়ক রেজিস্টারে ওপেনিং এন্ট্রি দেয়ার প্রাক্কালে পূর্ববর্তী বছরের অনিষ্পন্ন এন্ট্রির সামেশন একত্রে লিপিবদ্ধ না করে প্রতিটি অনিষ্পন্ন এন্ট্রি আলাদা আলাদা ভাবে লিপিবদ্ধ করতে হবে।



২১। অত্র বিভাগের তত্ত্বাবধানে প্রধান কার্যালয়ের সকল খরচ, অনুমোদিত বিল প্রদান, অসম্বিত আদায়যোগ্য অর্থ আদায় ও সমন্বয়সাধন, সার্ভিসিং ব্যাংকে সংরক্ষিত হিসাবের বিপরীতে প্রাপ্ত সুদ ও উৎসে কর হিসাবভুক্ত করণ ও হিসাব সমন্বয়, অগ্রিম খরচের সমন্বয় ইত্যাদি সমাপনী সম্পর্কিত কার্যসমূহ সম্পাদন করতে হবে।

২২। সাধারণ সেবা এবং আইসিটি বিভাগের তত্ত্বাবধানে প্রধান কার্যালয়ের সকল স্থাবর ও অস্পর্শনীয় সম্পদের অবচয় ও স্থাবর ও অস্পর্শনীয় সম্পদের তালিকা প্রস্তুতকরণসহ মজুদ পরীক্ষাকরণ এবং সকল ষ্টেশনারী ও সরবরাহের মজুদ পরীক্ষাপূর্বক হালনাগাদ করতে হবে।

২৩। শাখা ব্যবস্থাপক ব্যক্তিগত ভাবে হিসাব সমাপনীর পূর্বে এই মর্মে নিশ্চিত হবেন যেঃ

- অত্র পরিপত্রের নির্দেশনা অনুযায়ী সকল হিসাবায়ন কার্যাদি সম্পাদন করা হয়েছে।
- ঋণ, সঞ্চয়ী আমানত, এসডিপিএস এবং নিরাপত্তা আমানত হিসাবে সুদ ব্যাংকের প্রচলিত নিয়মে ধার্য/নির্ণয় করা হয়েছে।
- সার্ভিসিং ব্যাংক কতৃক এসএনডি হিসাবে সঠিক ভাবে সুদ প্রদান করা হয়েছে এবং ব্যাংক স্থিতি সঠিক আছে।
- বিভিন্ন উৎসে কর, ভ্যাট ও আবগারী শুল্ক কর্তন সঠিক আছে।
- সকল আদায়যোগ্য অর্থ আদায় এবং সঠিকভাবে হিসাবভুক্ত করা হয়েছে।
- সকল ভ্রমন ভাতা অগ্রিম এবং অন্যান্য অগ্রিম সমন্বয় করা হয়েছে।
- স্থাবর ও অস্পর্শনীয় সম্পদ এবং ষ্টেশনারী দ্রব্য সঠিক ভাবে গননাপূর্বক খরচ নির্ণয় ও অবচয় ধার্য করা হয়েছে।
- ঋণ হিসাব ও আমানত হিসাবের ব্যালেন্সিং করা হয়েছে, যা সাধারণ খতিয়ানের স্থিতির সাথে মিল আছে।
- ব্যাংক হিসাব এবং শাখায় রক্ষিত সকল লেজার ও কাঁচা রেজিস্টারের স্থিতি সঠিক ভাবে সমন্বয়সাধন করা হয়েছে।
- সকল হিসাব বই/লেন-দেন বই/ লেজার/ কাঁচা রেজিস্টার ইত্যাদি শাখা ব্যবস্থাপক কর্তৃক স্বাক্ষরিত হয়েছে।

২৪। আঞ্চলিক কার্যালয়ের/নিরীক্ষা কার্যালয়ের করণীয়ঃ

- আঞ্চলিক ব্যবস্থাপকগণ তার অঞ্চালাধীন শাখাসমূহের ঋণ ও আমানত হিসাবে শাখা কর্তৃক সুদ হিসাবায়নের সঠিকতা প্রত্যয়ন করবেন। এক্ষেত্রে আঞ্চলিক ব্যবস্থাপকগণ সরেজমিনে শাখা পরিদর্শনপূর্বক সুদ হিসাবায়নের সঠিকতা যাচাই করে ২০ জুলাই ২০২৩ তারিখের মধ্যে এ বিভাগে প্রত্যয়ন পত্র প্রেরণ করবেন।
- ঋণ ও আমানতের বিপরীতে সুদ হিসাবায়ন সঠিকভাবে সম্পন্ন করতে হবে। কোনো শাখা কম/বেশি সুদ প্রদান করলে এবং পরবর্তীতে যাচাইকালে শনাক্ত হলে সংশ্লিষ্ট আঞ্চলিক ব্যবস্থাপক, আঞ্চলিক নিরীক্ষা কার্যালয়ের কর্মকর্তাগণ, শাখা ব্যবস্থাপক ও ২য় কর্মকর্তাকে দায়ী করে প্রশাসনিক ব্যবস্থা গ্রহণ করা হবে।
- আঞ্চলিক কার্যালয়সমূহ আওতাধীন সকল শাখার এফেয়ার্স নির্ধারিত সময়ের মধ্যে সংগ্রহ করবে।
- সংগৃহীত এফেয়ার্সে কোনরূপ অসংগতি বা অগ্রহণযোগ্য স্থিতি আছে কিনা তা নির্ণয়পূর্বক সংশোধনের ব্যবস্থা নিবে।
- অসংশোধনযোগ্য অগ্রহণযোগ্য স্থিতি থাকলে তার কারণ সম্পর্কে অবগত থাকবে।

২৫। অন্যান্য নির্দেশাবলিঃ

- আন্তঃশাখা লেনদেন, আমানত হিসাব, ঋণ হিসাব, ভবিষ্য তহবিল, কর্মী অগ্রিম হিসাবসহ যে সকল ক্ষেত্রে প্রোডাক্ট নির্ণয়পূর্বক সুদ ধার্য করতে হয়, সে সকল ক্ষেত্রে প্রডাক্টকে ৩৬০ দিয়ে ভাগ করে সুদ নির্ণয় করতে হবে।
- সিবিএস এবং ম্যানুয়েল উভয়প্রকার শাখাসমূহ শাখার নিয়মিত হিসাব সংক্রান্ত কার্যাবলি (ভাউচার প্রস্তুত, লেজার পোস্টিং, ক্রিন ক্যাশ প্রস্তুত এবং সাবসিডিয়ারি ও জিএল পোস্টিং) সংশ্লিষ্ট তারিখে সম্পন্ন করতে হবে। সিবিএস সংক্রান্ত যে কোন সমস্যা আইসিটি বিভাগের সহযোগিতায় সিবিএস বাস্তবায়নকারী প্রতষ্ঠানের মাধ্যমে বার্ষিক হিসাব সমাপনী তারিখের পূর্বে সমাধান করতে হবে যাতে হিসাব সমাপনী কার্যক্রম কোন ভাবে ব্যাহত না হয়।

২৬। বার্ষিক হিসাব সমাপনী সংক্রান্ত এডভাইস ও বিবরণী প্রেরণঃ আঞ্চলিক ব্যবস্থাপকগণকে স্ব স্ব অঞ্চালাধীন শাখাসমূহ কর্তৃক বর্ণিত নির্দেশাবলী বাস্তবায়ন নিশ্চিতকরণসহ শাখা হতে নিম্নলিখিত শাখাওয়ারী এডভাইস ও বিবরণী সংগ্রহপূর্বক উহা একত্রীকরণ করে নির্ধারিত তারিখের মধ্যে অত্র বিভাগে নিশ্চিত করার নির্দেশনা দেয়া হলোঃ

ক্রঃনং	বিবরণ	এডভাইসের ধরণ/পরিশিষ্ট নং	পৌছানোর তারিখ	মাধ্যম
১	কর্মচারী ভবিষ্য তহবিল বিবরণীসহ	ক্রেডিট	২০ জুন ২০২৩	ই-মেইল
২	পেনশন ও আনুতোষিক স্কীম	ক্রেডিট	ঐ	ঐ



ক্রঃনং	বিবরণ	এডভাইসের ধরণ/পরিশিষ্ট নং	পৌছানোর তারিখ	মাধ্যম
৩	কর্মচারী কল্যাণ তহবিল	ক্রেডিট	ঐ	ঐ
৪	বেতন হতে কর্তনকৃত আয়কর বিবরণীসহ	ক্রেডিট	ঐ	ঐ
৫	১১৬০৪০০০ খাতে শাখা ভিত্তিক ০১ জুন ২০২৩ হতে ২০ জুন ২০২৩ তারিখের স্থিতির বিবরণী	-	ঐ	ই-মেইল ও ডাকযোগে
৬	১১৬০৩০০০ খাতের ০১ জুন ২০২৩ হতে ২০ জুন ২০২৩ পর্যন্ত সময়কালের শাখা ভিত্তিক লেনদেন বিবরণী।	-	ঐ	ই-মেইল ও ডাকযোগে
৭	প্রধান কার্যালয় হতে ধার নেয়া তহবিলের বিপরীতে সুদের অর্থ ওয়ার্কশীটসহ	ক্রেডিট	৫ জুলাই ২০২৩	ই-মেইল ও ডাকযোগে
৮	প্রধান কার্যালয়কে ধার দেয়া তহবিলের বিপরীতে সুদের অর্থ ওয়ার্কশীটসহ	ডেবিট	ঐ	ই-মেইল ও ডাকযোগে
৯	সার্ভিসিং ব্যাংকে রক্ষিত আমানতের সুদের বিপরীতে কর্তিত উৎসে করের অর্থ	ডেবিট	ঐ	ই-মেইল
১০	শেয়ার বিক্রয়লব্ধ অর্থ	ক্রেডিট	ঐ	ই-মেইল
১১	ঋণবীমা তহবিলের অর্থ	ক্রেডিট	ঐ	ই-মেইল
১২	প্রধান কার্যালয় কর্তৃক বহনযোগ্য ব্যয়ের অর্থ	ডেবিট	ঐ	ই-মেইল
১৩	ঘূর্ণায়মান তহবিলের অর্থ	ক্রেডিট	ঐ	ই-মেইল
১৪	আঞ্চলিক কার্যালয়ের নামে রক্ষিত সার্ভিসিং ব্যাংকের সুদ বাবদ প্রাপ্ত আয়ের অর্থ সার্ভিসিং ব্যাংকের গত ১ বছরের স্ট্যাটমেন্টসহ	ক্রেডিট	ঐ	ই-মেইল ও ডাকযোগে
১৫	আঞ্চলিক কার্যালয়ের নামে রক্ষিত সার্ভিসিং ব্যাংকের হিসাবে কর্তনকৃত আবগারী শুল্ক বাবদ ব্যয়ের অর্থ	ডেবিট	ঐ	ই-মেইল ও ডাকযোগে
১৬	ভবন ভাড়া ও ভ্যাট প্রদানযোগ্য সামগ্রী ক্রয়ের বিপরীতে কর্তনকৃত ট্যাক্স, আরোপিত ভ্যাট, প্রদত্ত সুদ হতে কর্তিত উৎসে কর এবং হিসাবসমূহ হতে কর্তিত আবগারী শুল্কের অর্থ	ক্রেডিট	ঐ	ই-মেইল
১৭	২০২২-২৩ অর্থবছরে শাখাসমূহ কর্তৃক মেয়াদী আমানতে এবং এসডিপিএসে প্রদত্ত সুদ বাবদ ব্যয়িত অর্থের ৪০%	ডেবিট	ঐ	ই-মেইল
১৮	সমাপনী উত্তরে লাভের অর্থ বিবরণীসহ	ক্রেডিট	ঐ	ই-মেইল
১৯	সমাপনী উত্তরে লোকসানের অর্থ বিবরণীসহ	ডেবিট	ঐ	ই-মেইল
২০	১১৬০৪০০০ খাতে শাখা ভিত্তিক ২১ জুন ২০২৩ হতে ৩০ জুন ২০২৩ তারিখের স্থিতির লেনদেন বিবরণী	-	ঐ	ই-মেইল ও ডাকযোগে
২১	১১৬০৩০০০ খাতের ২১ জুন ২০২৩ হতে ৩০ জুন ২০২৩ পর্যন্ত সময়কালের শাখা ভিত্তিক লেনদেন বিবরণী	-	ঐ	ই-মেইল ও ডাকযোগে
২২	সমাপনী পূর্ব বৈষয়িক বিবরণী	-	ঐ	ই-মেইল
২৩	সমাপনী উত্তর-বৈষয়িক বিবরণী	-	ঐ	ই-মেইল
২৪	শাখায় হাতে নগদ তহবিলের প্রতিবেদন	১	১৩ জুলাই ২০২৩	ই-মেইল
২৫	ব্যাংক হিসাবের প্রতিবেদন	২	ঐ	ই-মেইল
২৬	ব্যাংক হিসাবের সমন্বয় বিবরণী	৩	ঐ	ই-মেইল
২৭	কর্মী অগ্রিম ও আদায়যোগ্য সুদের প্রতিবেদন	৪	ঐ	ই-মেইল
২৮	পি এফ তালিকা	৫	ঐ	ই-মেইল
২৯	ঋণ এবং আমানত হিসাব খাতে লেজার এবং সাবসিডিয়ারি স্থিতির পার্থক্যের প্রতিবেদন	৬	ঐ	ই-মেইল
৩০	স্বাবর ও অস্বাবর সম্পত্তির বিবরণী	৭	ঐ	ই-মেইল
৩১	অর্থবছরে ক্রয়কৃত স্বাবর ও অস্বাবর সম্পত্তির তফসীল	৮	ঐ	ই-মেইল
৩২	মুদ্রিত মনিহারী দ্রব্যাদির প্রতিবেদন	৯	ঐ	ই-মেইল
৩৩	সাসপেন্স হিসাবের বিবরণী	১০	ঐ	ই-মেইল
৩৪	আদায়যোগ্য ঋণসমূহের বিবরণী	১১	ঐ	ই-মেইল
৩৫	করের আওতাভুক্ত কর্মকর্তা/কর্মচারীদের বেতন হতে কর্তনকৃত উৎসে কর প্রতিবেদন	১২	ঐ	ই-মেইল




ক্রঃনং	বিবরণ	এডভাইসের খরগ/পরিশিষ্ট নং	পৌছানোর তারিখ	মাধ্যম
৩৬	বেতন বহির্ভূত কর্তিত উৎসে কর এবং ভ্যাট ও আবগারি শুল্ক সরকারি কোষাগারে জমার তালিকা	১৩	ঐ	ই-মেইল
৩৭	প্রদেয় হিসাব-বিবিধ (কোড নং-১১৯৯৯০০০) এর প্রতিবেদন	১৪	ঐ	ই-মেইল
৩৮	আন্তঃশাখা সাধারণ হিসাবের সুদ হিসাবায়ন শীট	১৫	ঐ	ই-মেইল
৩৯	প্রধান কার্যালয় কর্তৃক বহনযোগ্য ব্যয়ের প্রতিবেদন	১৬	ঐ	ই-মেইল
৪০	সার্বিক অবস্থার প্রতিবেদন	১৭	ঐ	ই-মেইল

উল্লিখিত সূচী মোতাবেক নির্ধারিত তারিখের পরে কোনোভাবেই এডভাইস/প্রতিবেদন প্রেরণ করা যাবে না। বিলম্বে এডভাইস/প্রতিবেদন প্রেরণের কারণে কোনো জটিলতা সৃষ্টি হলে তার দায় সংশ্লিষ্ট কর্মকর্তা-কর্মচারীগণের উপরই বর্তাবে।

২৭। এতদবিষয়ে কোনো ব্যখ্যা/অস্পষ্টতা দেখা দিলে নিম্নস্বাক্ষরকারীগণের সাথে সরাসরি যোগাযোগ করে তা নিরসনের জন্য পরামর্শ দেয়া হলো। উল্লেখ্য, হিসাব সমাপনী সংক্রান্ত কার্যাদি সহজ/নির্ভুলভাবে সম্পাদনের উদ্দেশ্যে মাঠ পর্যায়ের যেকোনো পরামর্শ/প্রস্তাবনা (Innovative Idea) গুরুত্বের সাথে বিবেচিত হবে। এক্ষেত্রে ই-মেইল বা মোবাইল ফোন মারফত যোগাযোগ করা যেতে পারে।

অনুমোদনক্রমে

সংযুক্তিঃ বর্ণনানুযায়ী।


১৯.০৬.২০২৩

মোঃ আঃ আলীম

সহকারী মহাব্যবস্থাপক


মোবাইল-০১৭১২-২১৩৯৫৭

তারিখঃ ১৯ জুন ২০২৩

সূত্র নং-১/১১/১৬৮/৭৩৫০

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি (সংশ্লিষ্ট সকলকে ব্যাংকের ওয়েবসাইট থেকে কপি সংগ্রহ করার অনুরোধসহ):

১. স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, আনসার-ভিডিপি উন্নয়ন ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
২. স্টাফ অফিসার, উপব্যবস্থাপনা পরিচালকের দপ্তর, আনসার-ভিডিপি উন্নয়ন ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
৩. স্টাফ অফিসার, মহাব্যবস্থাপক (প্রশাসন/অপারেশন/হিসাব ও নিরীক্ষা) এর দপ্তর, আনসার-ভিডিপি উন্নয়ন ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
৪. সকল বিভাগ প্রধান, আনসার-ভিডিপি উন্নয়ন ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা। তাঁদেরকে স্ব স্ব বিভাগের আওতায় ২৭ জুন ২০২৩ তারিখ পর্যন্ত প্রদেয় মূলধন ও রাজস্ব ব্যয়ের প্রতিশন অথবা অগ্রিম সমন্বয়ের প্রয়োজন হলে ২৭ জুন ২০২৩ তারিখের মধ্যে এ বিভাগে প্রেরণের জন্য অনুমোদনক্রমে অনুরোধ করা হলো। বিভাগ প্রধান, সাধারণ সেবা বিভাগকে স্থাবর-অস্থাবর সম্পত্তির অবচয় নিরূপনে এবং ব্যালেন্সিং এ এফেয়ার্সে বিদ্যমান স্থিতির সাথে মিল রাখার জন্য অনুমোদনক্রমে অনুরোধ করা হলো। বিভাগ প্রধান, আইসিটি বিভাগকে সিবিএস শাখাসমূহের ক্রোজিং ২৭ জুন ২০২৩ তারিখের মধ্যে সম্পন্ন করার লক্ষ্যে সার্বিক সহযোগিতা প্রদানের এবং পরিপত্রটি ব্যাংকের ওয়েবসাইটে আপলোড করার অনুরোধসহ। বিভাগ প্রধান, ঋণ আদায় বিভাগকে ২০ জুলাই ২০২৩ তারিখের মধ্যে ঋণের বিপরীতে প্রতিশনের তথ্য অত্র বিভাগে প্রেরণের জন্য অনুমোদনক্রমে অনুরোধ করা হলো।
৫. সকল আঞ্চলিক ব্যবস্থাপক, আঞ্চলিক নিরীক্ষা প্রধান, শাখা ব্যবস্থাপক, আনসার-ভিডিপি উন্নয়ন ব্যাংক।
৬. প্রজেক্ট ম্যানেজার, ইনফিনিটি টেকনোলজি ইন্টারন্যাশনাল লিমিটেড, মিরপুর ডিওএইচএস।
৭. সংশ্লিষ্ট নথি/মহানথি।


১৯.০৬.২০২৩

মোঃ মাইনুল ইসলাম

প্রিন্সিপাল অফিসার

মোবাইল-০১৫১৬-১৭১২৯১

ই-মেইল:avubacc@gmail.com

আনসার-ভিডিপি উন্নয়ন ব্যাংক

পরিশিষ্ট : ১

-----শাখা

জেলা-----

শাখায় হাতে নগদ তহবিলের প্রতিবেদন

.../.../২০২... তারিখ লেনদেনশেষে অত্র শাখায় হাতে নগদ হিসাবে স্থিতির পরিমাণ টাকা -----

(কথায় -----) মাত্র যার মূল্যমান নিম্নরূপ :

১০০০	X	-----	=	-----
৫০০	X	-----	=	-----
২০০	X	-----	=	-----
১০০	X	-----	=	-----
৫০	X	-----	=	-----
২০	X	-----	=	-----
১০	X	-----	=	-----
৫	X	-----	=	-----
২	X	-----	=	-----
১	X	-----	=	-----
মুদ্রা			=	-----
মোট			=	-----

নির্ভুল হিসাবে প্রত্যায়িত।

দ্বিতীয় কর্মকর্তা

ব্যবস্থাপক

পরিশিষ্ট : ২

আনসার-ভিডিপি উন্নয়ন ব্যাংক

.../.../২০২... তারিখে ব্যাংক হিসাবের প্রতিবেদন।

(পূর্ণ টাকায়)


ক্রঃ নং	অঞ্চল	শাখা	উপ-খাতের কোড	ব্যাংক, শাখার নাম এবং হিসাব নং	হিসাবের ধরণ (চলতি/ এসটিডি)	স্থিতি		
						হিসাব বহি মোতাবেক	স্থিতির সনদ মোতাবেক	পার্থক্য
(১)	(২)	(৩)	(৪)	(৫)	(৬)	(৭)	(৮)	(৯)=(৭)-(৮)
মোট								

নির্ভুল হিসাবে প্রত্যায়িত।

দ্বিতীয় কর্মকর্তা

ব্যবস্থাপক

বিঃ দ্রঃ প্রত্যেক হিসাবের স্থিতির সনদপত্র (Balance certificate) সার্ভিসিং ব্যাংক হতে সংগ্রহ করে মূল
কপি প্রতিবেদনের সাথে সংযুক্ত করতে হবে।



আনসার-ভিডিপি উন্নয়ন ব্যাংক

পরিশিষ্ট : ৩

-----শাখা

জেলা-----

.../.../২০২... তারিখে ব্যাংক হিসাবের সময়সীমা বিবরণী।

সার্ভিসিং ব্যাংকের নাম :

হিসাবের ধরন :

হিসাব বহি পৃষ্ঠা নং -----মোতাবেক স্থিতি

টাকা-----

১। যোগ-----তারিখে ইস্যুকৃত চেক নং-----যা সার্ভিসিং ব্যাংকে উপস্থিত
হয় নাই।

টাকা-----

২। যোগ-----তারিখে অনুমোদিত সুদ যা হিসাবভুক্ত করা হয় নাই।

টাকা-----

৩। বিয়োগ ডিডি/চেক নং-----সার্ভিসিং ব্যাংকে উপস্থাপন করা হয়েছে কিন্তু হিসাবে
জমা হয় নাই।

টাকা-----

৪। বিয়োগ-----তারিখে ব্যাংক কর্তন যা হিসাব ভুক্ত করা হয় নাই।

টাকা-----

৫। যোগ/বিয়োগ অন্যান্য (যদি থাকে, বিবরণ দিতে হবে)।

টাকা-----

ব্যাংক ব্যালেন্স সার্টিফিকেট অনুযায়ী স্থিতি

টাকা-----

নির্ভুল হিসাবে প্রত্যায়িত।

দ্বিতীয় কর্মকর্তা

ব্যবস্থাপক



আনসার-ভিডিপি উন্নয়ন ব্যাংক
----- শাখা
জেলা -----

.../.../২০২... তারিখে কর্মী অগ্রিম ও আদায়যোগ্য সুদের প্রতিবেদন।

ক্রঃ নং	কর্মকর্তার নাম ও পদবী	অগ্রিম										আদায়যোগ্য সুদ					
		শুরু হতে গত বছর পর্যন্ত আদায়	বছরের শুরুতে আউটস্ট্যান্ডিং	চলতি বছরে বিতরণ		চলতি বছরে অন্য শাখা হতে স্থানান্তর		চলতি বছরে আদায়		চলতি বছরে অন্য শাখায় স্থানান্তর		বছর শেষে আউটস্ট্যান্ডিং	বছরের শুরুতে/অন্য শাখা হতে স্থানান্তরিত আদায়যোগ্য সুদের পরিমাণ	চলতি বছরে ধার্য	চলতি বছরে আদায়	অন্য শাখায় স্থানান্তর	বছর শেষে স্থিতি
				তারিখ	পরিমাণ	তারিখ	পরিমাণ	কিস্তির পরিমাণ ও আদায়কৃত কিস্তির সংখ্যা	মোট আদায়ের পরিমাণ	তারিখ	পরিমাণ						
১	২	৩	৪	৫	৬	৭	৮	৯	১০	১১	১২	১৩	১৪	১৫	১৬	১৭	১৮
ক. গৃহ নির্মাণ অগ্রিম																	
	মোট																
খ. মটর সাইকেল অগ্রিম																	
	মোট																
গ. কম্পিউটার অগ্রিম																	
	মোট																
	সর্বমোট																

নির্ভুল হিসাবে প্রত্যায়িত এবং এফেক্সার্সে সংশ্লিষ্ট উপ-খাতের স্থিতির সাথে মিল আছে।

দ্বিতীয় কর্মকর্তা

ব্যবস্থাপক

আনসার-ভিডিপি উন্নয়ন ব্যাংক

/ /২০ ঋণ এবং আমানত হিসাব খাতে লেজার এবং সাবসিডিয়ারি স্থিতির পার্থক্যের প্রতিবেদন

ক্রঃ নং	অঞ্চল	শাখা	শাখা কোড	উপ হিসাব কোড	লেজার অনুযায়ী ব্যালেন্স	সাবসিডিয়ারি অনুযায়ী ব্যালেন্স	প্রার্থক্য
(১)	(২)	(৩)	(৪)	(৫)	(৬)	(৭)	(৬)-(৭)=(৮)
মোট :							

নির্ভুল হিসাবে প্রত্যায়িত।

দ্বিতীয় কর্মকর্তা

ব্যবস্থাপক

আনসার-ভিডিপি উন্নয়ন ব্যাংক

পরিশিষ্ট : "৭"

.../.../২০... তারিখে ছাবর ও অছাবর সম্পত্তির বিবরণী।

ক্রঃ নং	অঞ্চল	শাখা	সম্পত্তির নাম	উপ হিসাব কোড	সংখ্যা	মোট মূল্য
সর্বমোট						

নির্ভুল হিসাবে প্রত্যায়িত। বাহ্যিক গননায় উপরোক্ত সম্পত্তি সঠিক রয়েছে। এক্ষেপার্সে সংশ্লিষ্ট উপ-খাতের স্থিতির সাথে মিল আছে।

দ্বিতীয় কর্মকর্তা

ব্যবস্থাপক

780

আনসার-ভিডিপি উন্নয়ন ব্যাংক

পরিশিষ্ট : "৮"

২০২২-২৩ অর্থবছরে ক্রয়কৃত স্থাবর ও অস্থাবর সম্পত্তির তালিকা।

ক্রঃ নং	অঞ্চল/বিভাগ	শাখা	হিসাব খাত	সম্পত্তির নাম	ক্রয়ের তারিখ	ক্রয় মূল্য
মোট: স্থাবর ও অস্থাবর সম্পত্তির (৩০৭০০০০০)						

নির্ভুল হিসাবে প্রত্যায়িত এবং এফেরার্সের স্থাবর ও অস্থাবর সম্পত্তির (৩০৭০০০০০) খাতের স্থিতির সাথে কোন পার্থক্য নাই।

দ্বিতীয় কর্মকর্তা

ব্যবস্থাপক

বিঃ দ্রঃ প্রতিটি সম্পদের তথ্য পৃথক পৃথকভাবে দিতে হবে। যেমন বৈদ্যুতিক পাখা দুইটি থাকলে দুইটির জন্য পৃথকভাবে তথ্য দিতে হবে।

আনসার-ভিডিপি উন্নয়ন ব্যাংক

পরিশিষ্ট "০৯"

----- শাখা

জেলা -----

/ / ২০২ তারিখে মুদ্রিত মনিহারী দ্রব্যাদির প্রতিবেদন।

ক্রঃ নং	আইটেমের নাম	বছরের শুরুতে মজুদ		চলতি অর্থবছরে প্রাপ্তি		চলতি বছরে অর্থবছরে ব্যবহার		হিসাব সমাপনের পর স্থিতি	
		সংখ্যা	মূল্য	সংখ্যা	মূল্য	সংখ্যা	মূল্য	সংখ্যা	মূল্য
(১)	(২)	(৩)		(৪)		(৫)		(৬)=(৩)+(৪)-(৫)	
	মোট	-	-	-	-	-	-	-	

নির্ভুল হিসাবে প্রত্যায়িত। বাহ্যিক গণনায় আইটেম ভিত্তিক স্থিতি সঠিক রয়েছে।

দ্বিতীয় কর্মকর্তা

ব্যবস্থাপক

/ / ২০ তারিখে (৩০৮০৫০০০) সাসপেন্স হিসাবের বিবরণী।

ক্রঃ নং	অঞ্চল	শাখার নাম	লেনদেনের তারিখ	বিস্তারিত বিবরণ	সমাপনীর তারিখে টাকার পরিমাণ
		মোট			

নির্ভুল হিসাবে প্রত্যায়িত। একেয়ার্সে সংশ্লিষ্ট উপ-খাতের স্থিতির সাথে মিল আছে।

দ্বিতীয় কর্মকর্তা

ব্যবস্থাপক

বিঃ দ্রঃ প্রত্যেকটি এন্ট্রির জন্য পৃথক পৃথকভাবে তথ্য দিতে হবে।

/ /২০ তারিখে আদায়যোগ্য খাতসমূহের (৩০৮০১০১০, ৩০৮০১০২০, ৩০৮০১০৪০, ৩০৮০১০৫০, ৩০৮০১০৭০ এবং ৩০৮০২০০০) বিবরণী।

(পূর্ণ টাকায়)

ক্রঃ নং	অঞ্চল	শাখার নাম	লেনদেনের তারিখ	উপ হিসাব কোড	বিবরণ	সমাপনীর তারিখে স্থিতি
			মোট			

নির্ভুল হিসাবে প্রত্যায়িত। এক্সেসেসে সংশ্লিষ্ট উপ-খাতের স্থিতির সাথে মিল আছে।

দ্বিতীয় কর্মকর্তা

ব্যবস্থাপক

বিঃ দ্রঃ প্রত্যেকটি এন্ট্রির জন্য পৃথক পৃথকভাবে তথ্য দিতে হবে।

পরিশিষ্ট-১২

করের আওতাভুক্ত কর্মকর্তা/কর্মচারীদের বেতন হতে কর্তনকৃত উৎসে কর

(পূর্ণ টাকায়)

ক্র.ম.	অঞ্চল	শাখার নাম	কর্মকর্তা/কর্মচারির নাম	পদবী	পরিচিতি নং	অর্থবছর	জমাকৃত উৎসে কর
			মোট				

এডভাইসের সাথে তালিকায় প্রদর্শিত টাকার মিল আছে।

প্রস্তুতকারী

আঞ্চলিক ব্যবস্থাপক / শাখা ব্যবস্থাপক

আনসার-ভিডিপি উন্নয়ন ব্যাংক

বেতন বর্হিভূত কর্তিত উৎসে কর এবং ভ্যাট ও আবগারি শুল্ক সরকারি কোষাগারে জমার তালিকা

ক্র.ম.	অঞ্চল	শাখার নাম	বিবরণ	অর্থবছর	জমাকৃত উৎসে কর/ভ্যাট
০১.			ভবন ভাড়া হতে কর্তিত উৎসে কর		
০২.			দ্রব্য সামগ্রী ক্রয়ের বিপরীতে উৎসে কর		
০৩.			প্রদত্ত সুদ হতে কর্তিত উৎসে কর		
০৪.			ভবন ভাড়ার উপর ভ্যাট		
০৫.			দ্রব্য সামগ্রী ক্রয়ের উপর ভ্যাট		
০৬.			হিসাব হতে কর্তিত আবগারি শুল্ক		
মোট					

এডভাইসের সাথে তালিকায় প্রদর্শিত টাকার মিল আছে।

প্রস্তুতকারী

আঞ্চলিক ব্যবস্থাপক / শাখা ব্যবস্থাপক

পরিশিষ্ট ১৪

আনসার-ভিডিপি উন্নয়ন ব্যাংক

/ /২০ প্রদেয় হিসাব-বিবিধ (কোড নং-১১৯৯৯০০০) এর প্রতিবেদন

ক্রঃ নং	অঞ্চল	শাখা	লেনদেনের তারিখ	বিস্তারিত বিবরণ	টাকার পরিমাণ
মোট :					

নির্ভুল হিসাবে প্রত্যায়িত।

দ্বিতীয় কর্মকর্তা

ব্যবস্থাপক

আনসার-ভিডিপি উন্নয়ন ব্যাংক
-----শাখা
জেলা-----

০১ জুলাই ২০২২ হতে ৩০ ডিসেম্বর ২০২২ পর্যন্ত আন্তঃশাখা সাধারণ হিসাব (১১৬০০০০০) এর প্রোডাক্ট সীট।

(ক) ৪% সুদে (হিসাব পরিপত্র নং ৪/২০২১ এর অনুচ্ছেদ ১৩(ঘ) উদাহরণ দ্রষ্টব্য)

তারিখ	স্থিতি	দিন সংখ্যা	প্রোডাক্ট (স্থিতি X দিন)
মোট :			

(খ) ৬% সুদে (হিসাব পরিপত্র নং ৪/২০২১ এর অনুচ্ছেদ ১৩(ঘ) উদাহরণ দ্রষ্টব্য)

তারিখ	স্থিতি	দিন সংখ্যা	প্রোডাক্ট (স্থিতি X দিন)
মোট :			

(গ) ৪% সুদে (হিসাব পরিপত্র নং ৪/২০২১ এর অনুচ্ছেদ ১৩(ঘ) উদাহরণ দ্রষ্টব্য)

তারিখ	স্থিতি	দিন সংখ্যা	প্রোডাক্ট (স্থিতি X দিন)
মোট :			

(ঘ) মোট সুদের পরিমাণ (ক) + (খ) + (গ) =

নির্ভুল হিসাবে প্রত্যায়িত।

দ্বিতীয় কর্মকর্তা

ব্যবস্থাপক

পরিশিষ্ট ১৬

আনসার-ভিডিপি উন্নয়ন ব্যাংক
-----শাখা
জেলা-----

প্রধান কার্যালয় কর্তৃক বহনযোগ্য ব্যয়ের প্রতিবেদন

ক্রম নং	ব্যয় খাতের নাম	কোড নং	শাখা/ কার্যালয়ের নাম			মোট
			আঞ্চলিক কার্যালয়	আঞ্চলিক নিরীক্ষা কার্যালয় শাখা	
	সর্বমোট =					

নির্ভুল হিসাবে প্রত্যায়িত।

দ্বিতীয় কর্মকর্তা

ব্যবস্থাপক

আনসার-ডিডিপি উন্নয়ন ব্যাংক

..... শাখা

..... অঞ্চল

পরিশিষ্ট-১৭

..../..../২০... তারিখের সার্বিক অবস্থার প্রতিবেদন

ক্রম নং	বিবরণ	টাকার পরিমাণ	
১।	হাতে নগদ তহবিল		
২।	ব্যাংক স্থিতি		
	ক) চলতি		
	খ) এসটিডি/এসএনডি		
	মোট (ক+খ)		
৩।	আমানতের পরিমাণঃ		
	ক) বছরের শুরুতে স্থিতি		
	খ) চলতি বছরের জমা		
	গ) চলতি বছরে সুদ প্রদান		
	ঘ) চলতি বছরে উত্তোলন		
	ঙ) বছরের শেষে স্থিতি (ক+খ+গ-ঘ)		
৪।	২০২২-২০২৩ অর্থবছরে ৩০/১২/২০২২ পর্যন্ত ঋণ বিতরণের তথ্য (Disbursement) :	সংখ্যা	পরিমাণ
	পুরুষ		
	মহিলা		
	মোট=		
৫।	২০২২-২০২৩ অর্থবছরে ৩০/১২/২০২২ পর্যন্ত ঋণ আদায় (Recovery) :		
৬।	আউটস্ট্যান্ডিং ঋণের পরিমাণ :	সংখ্যা	পরিমাণ
	ক) বছরের শুরুতে স্থিতি		
	খ) চলতি বছরে ঋণ বিতরণ		
	গ) চলতি বছরে সুদ ধার্যের পরিমাণ		
	ঘ) চলতি বছরে আদায় এর পরিমাণ		
	ঙ) ৩০/১২/২০২২ তারিখে স্থিতি (Outstanding) :		
		সংখ্যা	পরিমাণ
৭।	কিস্তি খেলাপ ঋণ (৩০/১২/২০২২ তারিখে)		
৮।	শ্রেণীকৃত (৩০/১২/২০২২ তারিখে)		
৯।	২০২২-২০২৩ সনে (অর্ধ-বার্ষিক হিসাব সমাপান্তে) মোট আয়		
১০।	২০২২-২০২৩ সনে (অর্ধ-বার্ষিক হিসাব সমাপান্তে) মোট ব্যয়		
১১।	২০২২-২০২৩ সনে (অর্ধ-বার্ষিক হিসাব সমাপান্তে) মোট লাভ/লোকসান(+/-)		
১২।	২০২২-২০২৩ অর্থ বছরে প্রধান কার্যালয় হইতে প্রাপ্ত কর্জের উপর সুদ ব্যয়		
১৪।	২০২২-২০২৩ অর্থ বছরে প্রধান কার্যালয়কে প্রদত্ত তহবিলের উপর সুদ আয়		

নির্ভুলভাবে হিসাবে প্রত্যায়িত।

দ্বিতীয় কর্মকর্তা

ব্যবস্থাপক

